গাংনীতে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ৩শ গ্রাম গাঁজাসহ জাকির হোসেন (৫৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

সোমবার সন্ধায় গাংনীর উপজেলার সাহারবাটি গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক জাকির হোসেন গাংনীর চৌগাছার মৃত আওলাদ হোসেন এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, এস আই হাবিবুর রহমান এর নেতৃত্বে অভিযান চালিয়ে জাকির হোসেন নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। এ সময় তার কাছে থেকে ৩শ গ্রাম গাঁজা ও একটি মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

এ বিষয়ে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে আরও ৫ জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ৫ জন করোনা আক্রান্ত হয়েছেন। আক্রান্তদের মধ্যে দুই জন গাংনী উপজেলার ও তিন জন মেহেরপুর সদরের বাসিন্দা।

সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২৬ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ৫ জনের। আর নেগেটিভ আসে ২১ জনের।

সূত্রে আরো জানা যায়, এ পর্যন্ত সর্বমোট নমুনা ৫১২৪ টি, সর্বমোট ফলাফল এসেছে ৫০০৮ টি, সর্বমোট পজিটিভ ৭৩১ জন, সুস্থ ৬৩৬ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৯ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ১৯ টি (সদরে ১১, গাংনীতে ০৪ ও মুজিবনগরে

০৪)।

ভিন্নসূত্রে পাওয়া পাওয়া পজিটিভের পরিচয়- মেহেরপুরের রাধাকান্তপুরের শরিফ উদ্দিন(৫২), পুলিশ লাইনের শুকুর মামুদ(৪২), চাঁদবিলের সোমা খাতুন(২০), গাংনী উপজেলার ভমরদহের ওবাইদুর রহমান(৩৫), হারিয়াদহের শামীম রেজা(৩৫)।

সারা দেশে বঙ্গবন্ধুর ম্যুরালের নিরাপত্তা নিশ্চিতের নির্দেশ

দেশের জেলা-উপজেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্সসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সব ম্যুরালের নিরাপত্তা নিশ্চিত করতে অবিলম্বে পদক্ষেপ নিতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

সেই সঙ্গে আগামী এক মাসের মধ্যে জেলা-উপজেলা সদরে বঙ্গবন্ধু ম্যুরাল স্থাপনের অগ্রগতির বিষয়ে মন্ত্রিপরিষদ সচিবকে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

বিচারপতি এফ আর এম নাজমুল আহাসান ও বিচারপতি শাহেদ নূরউদ্দিনের ভার্চুয়াল হাই কোর্ট বেঞ্চ সোমবার এ আদেশ দেন।

কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের ঘটনা নিয়ে দেশজুড়ে আলোচনার মধ্যেই আদালতের এ নির্দেশনা এলো।

এর আগে গত ২৫ ফেব্রুয়ারি এক আদেশে আদালত বলেছিল, একাত্তরের যে দিনটিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালির স্বাধীনতার ডাক দিয়েছিলেন, সেই ৭ মার্চকে ‘জাতীয় ঐতিহাসিক দিবস’ ঘোষণা করে এক মাসের মধ্যে গেজেট প্রকাশ করতে হবে।

এছাড়া মুজিববর্ষের মধ্যেই দেশের সব জেলা-উপজেলা কমপ্লেক্সের সামনে বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন করতে বলা হয় ওই আদেশে।

সেদিন আদালত এই আদেশ বাস্তবায়নের অগ্রগতি জানিয়ে প্রতিবেদন দিতে বলেছিল। এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী আ ক ম মোজাম্মেল হকের দেয়া একটি প্রতিবেদন সোমবার আদালতে দাখিল করেন মন্ত্রিপরিষদ সচিব।

পরে ডেপুটি অ্যাটর্নি জেনারেল এবিএম আবদুল্লাহ আল মাহমুদ বাশার সেটি আদালতে উপস্থাপন করেন। রিটকারী আইনজীবী আইনজীবী বশির আহমেদও এ সময় শুনানিতে যুক্ত ছিলেন।

মুজিবনগরে অগ্রণী ব্যাংক লিমিটেডের নতুন ভবনের উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে অগ্রণী ব্যাংক লিমিটেড মুজিবনগর শাখা নতুন ভবনের উদ্বোধন করা হয়েছে।

সোমবার বেলা সাড়ে ১১টার সময় মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজারে অবস্থিত তপতি হাইটর্স শপিং কমপ্লেক্স এর দ্বিতীয় তলায় এ নতুন ভবনের উদ্বোধন করা হয়।

অগ্রণী ব্যাংক লিমিটেডের খুলনা সার্কেল মহা বাবস্থাপক ফারুক আহম্মেদ প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কেটে এ ভবনের উদ্বোধন করেন।

পরে নতুন ভবনে অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখা ব্যাবস্থাপক কাজী আরিফুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংক লিমিটেড চুয়াডাঙ্গা অঞ্চল এর সহকারী মহাব্যাবস্থাপক ও অঞ্চল প্রধান মানস কুমার পাল, অগ্রণী ব্যাংক লিমিটেড খুলনা সার্কেল এর সহকারী মহাব্যাবস্হাপক গোপাল চন্দ্র গাইন, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা।

উপস্হিত থেকে বক্তব্য রাখেন ভবন মালিক কৌশিকুল ইসলাম রুমি, কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন CBA চুয়াডাঙ্গা অঞ্চলেরর সভাপতি জাহাঙ্গীর আলম, সম্পাদক ফিরোজ খন্দকার, অগ্রণী ব্যাংক লিমিটেড মেহেরপুর শাখা ব্যাবস্থাপক মেহেদি মাসুদ,চুয়াডাঙ্গা শাখা ব্যাবস্থাপক এম এইচ জগলুল পাশা,সোনালী ব্যাংক লিমিটেড মুজিবনগর শাখার সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও ম্যানাজার ওয়াহেদ সায়েমসহ অগ্রণী ব্যাংক লিমিটেড মুজিবনগর শাখার গ্রাহকবৃন্দ ও ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ।

ধোলাইপাড়ে ভাস্কর্য হবেই: ওবায়দুল কাদের

বঙ্গবন্ধুর ভাস্কর্যের ওপর হামলাকারীদের চরম মূল্য দিতে হবে উল্লেখ করে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, উপযুক্ত প্রমাণ পেলে কাউকে ছাড় দেওয়া হবে না। রাজধানীর ধোলাইপাড়ে নির্মাণাধীন ভাস্কর্যের কাজ চলবে। ভাস্কর্য হবেই।

সোমবার সচিবালয়ে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সমসাময়িক ইস্যুতে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক।

বিশেষ স্বীকৃতি পেল ‘চেলসি বাংলাদেশ সাপোর্টার্স ক্লাব’

বার্সেলোনা, রিয়াল মাদ্রিদ, পিএসজিসহ ইউরোপের ক্লাবগুলোর তুমুল জনপ্রিয়তা ছড়িয়ে পড়েছে বাংলাদেশে। এসব ক্লাবের সমর্থকগোষ্ঠীও তৈরি হয়েছে দেশে। চেলসির বাংলাদেশি সাপোর্টার্স ক্লাবও সেভাবেই গড়ে ওঠা। ২০১২ সালে এই সমর্থক দলটিকে স্বীকৃতিও

দেয় চেলসি ক্লাব।

এবার এই সমর্থক দল পেয়েছে নতুন একটা স্বীকৃতি। ১ হাজার নিবন্ধিত সদস্যের মাইলফলক পেরোনোর পর ‘চেলসি বাংলাদেশ সাপোর্টার্স ক্লাব’—কে ‘গোল্ড টায়ার’ সনদ দিয়েছে স্টামফোর্ড ব্রিজের ক্লাবটি।

বিশ্বজুড়ে চেলসির সমর্থক দল রয়েছে পাঁচশ’রও বেশি। তবে এর মধ্যে মাত্র ১৪টি সমর্থক দল এই গোল্ড টায়ার মর্যাদা অর্জন করতে পেরেছে। যে তালিকায় নাম রয়েছে ‘চেলসি বাংলাদেশ সাপোর্টার্স ক্লাব’-এর।

চেলসির ছাড়াও বার্সেলোনা রিয়াল মাদ্রিদ, জুভেন্টাস, ম্যানচেস্টার ইউনাইটেড, লিভারপুলের মতো ইউরোপের বড় ক্লাবগুলোর স্বীকৃত সমর্থকগোষ্ঠী আছে বাংলাদেশে।

জার্মানিতে দ্বিতীয় বিশ্বযুদ্ধের বোমা উদ্ধার

জার্মানির ফ্রাঙ্কফুটে দ্বিতীয় বিশ্বযুদ্ধের বোমা উদ্ধার হয়েছে। রবিবার বোমাটিকে নিষ্ক্রিয় করে বিশেষজ্ঞরা। আশঙ্কার জেরে সরানো হয়েছিল ১৩ হাজার বাসিন্দাকে।

বার্তা সংস্থা এপির বরাতে জানা যায়, ফ্রাঙ্কফুডের একটি নির্মায়মাণ এলাকায় ৫০০ কেজি (১,১০০ পাউন্ড) এর ওই ব্রিটিশ বোমা উদ্ধার করা হয়। ফ্রাঙ্কফুডে স্থানীয় আপদকালীন সার্ভিস এ খবর জানিয়েছে।

এর আগে মাত্র মাস দুয়েক আগেই দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কার একটি বোমা উদ্ধার হয় পোল্যান্ডের সুইনস্কি শহরের বাইরের পিস্ট খালের কাছাকাছি এলাকায়। তখনও ৭৫০ লোককে সরিয়ে নিয়ে যাওয়া হয়।

ওই বোমাটি ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ব্রিটেনের রয়েল এয়ার ফোর্স (আরএএফ) ব্যবহৃত একটি টলবয় বোমা। যার ওজন ৫৪০০ কেজি। এই

বোমার মধ্যে মোট ২৪০০ কেজি বিস্ফোরক ভর্তি ছিল। বোমাটি লম্বায় ছিল ১৯ ফুট।

ঝিনাইদহে মাছ বিক্রেতা তাহেরাকে ভ্যান কিনে দিলেন মেয়র

মাছের হাড়ি মাথায় নিয়ে প্রতিদিনই বিভিন্ন পাড়ায় মাছ বিক্রি করতে দেখা যায় তাহেরাকে। সংসার চালাতে জীবন সংগ্রামে পিছু হটেনি তাহেরা। ৪০ কেজি ওজনের মাছের হাড়ি মাথায় নিয়ে বিভিন্ন পাড়ায় ঘুরতে খুবই কষ্ট হতো তার পরেও মাছ ফেরি করা ছাড়েনি তাহেরা।

সদর উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিয়নের ধোপাবিলা গ্রামের বিশারত শেখের মেয়ে বর্তমানে পৌর এলাকায় বাস করেন।

গতকাল রবিবার ঝিনাইদহ পৌরসভার মানবিক মেয়র ও ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব সাইদুল করিম মিন্টু মানুষের মুখে শুনে নিজেই একটি নতুন ভ্যান কিনে চালিয়ে পৌঁছে যান তাহেরার বাড়ী।

তাহেরা খাতুনের কষ্ট লাঘবের জন্য এবং সুন্দর ভাবে সংসার পরিচালনার জন্য এই উপহার দিলেন মেয়র।

তাহেরা এই ভ্যান পেয়ে বেজায় খুশি, মেয়রের প্রতি দোয়া ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। শুধু তাহেরাই নয় এরকম অনেককেই তিনি শিক্ষা, চিকিৎসা, বিবাহ, ঘর নিমার্ণসহ নানা প্রয়োজনে সাহায্য করে থাকেন।

দামুড়হুদা প্রেস ক্লাবের নবনির্বাচিত যুগ্ন-সম্পাদকের উপর হামলা

দামুড়হুদা প্রেস ক্লাবের নবনির্বাচিত যুগ্ন-সম্পাদক হাবিবুর রহমান হাবি’র উপর পরিকল্পিত হামলায় সাংবাদিক মহল ক্ষোভ প্রকাশ করেছেন।

জানা গেছে, গত শনিবার রাত ৭ টার সময় কার্পাসডাঙ্গা ব্রীজ মোড় বাজারে এ ঘটনা ঘটে। দামুড়হুদা প্রেস ক্লাবের নবনির্বাচিত নেতৃবৃন্দ প্রেস ক্লাবের সদস্যদের সাথে সৌজন্য সাক্ষাৎ করতে যায়। এসময় প্রেস ক্লাবের যুগ্ন-সম্পাদক হাবিবুর রহমান হাবি ও স্থানীয় দৈনিক পত্রিকার সাংবাদিক শরীফ রতন দুজনে ব্রীজ মোড় বাজারে সিদ্ধ ছোলা খাচ্ছিলো।

সে সময় কার্পাসডাঙ্গার কোমরপুর গ্রামের বিল্লাল হোসেনের ছেলে বখতিয়ার রহমান বকুল ও তার চাচাতো ভাই সুকলালের ছেলে সোহাগ হঠাৎ হাবি কে পিছন থেকে কাঠের বাটামসহ দেশীয় অস্ত্র দিয়ে এলোপাতাড়ি মারপির করে।

এসময় হাবি তাদের মারপিটে মারাত্বক জখম হয়ে মাটিতে লুটিয়ে পড়ে, এসময় প্রেস ক্লাবের নেতৃবৃন্দ আহত হাবিকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

এ ঘটনায় দামুড়হুদা প্রেস ক্লাবের যুগ্ম-সম্পাদক হাবিবুর রহমান হাবি ঐ রাতেই দামুড়হুদা উপজেলার অন্তর্ভূক্ত কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের বিল্লালের ছেলে বখতিয়ার রহমান বকুল ও সুকলালের ছেলে সোহাগের নাম উল্লেখ করে অঙ্গাত ৪/৫ জনের নামে দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ করেন।

আলমডাঙ্গার নতিডাঙ্গায় সাপের খেলা অনুষ্ঠিত

চিরায়ত বাংলার ঐতিয্যবাহী সাপের খেলা দেখতে শত শত নারী-পুরুষ ভীড় জমায় আলমডাঙ্গার নতিডাঙ্গায়। গতকাল নতিডাঙ্গা যুবসমাজের উদ্যোগে বাড়াদী ইউনিয়নের নতিডাঙ্গা কপাটি ব্রিজপাড়ায় উক্ত সাপের খেলা অনুষ্ঠিত হয়।

দিনব্যাপী এই খেলায় ১৬ টি সাপুড়িয়া দল অংশ গ্রহণ করে। আগের দিন থেকেই দেশের বিভিন্ন অঞ্চল থেকে দলগুলি নিজেদের শক্তিশালি ও বড় বড় গোখরো সাপ নিয়ে এলাকায় হাজির হয়।

খেলার নিয়ম অনুযায়ী যে দলের সাপ সবচেয়ে বেশি সময় মঞ্চে ফণা তুলে দাঁড়িয়ে থাকতে পারবে তারা হবে চ্যাম্পিয়ন, এবং পুরস্কার পাবে একটি বড় খাশি ছাগল, রানার্সআপ দল পাবে একটি ভেড়া।

সেই অনুযায়ী ঝিনাইদহের সোহেল হোসেনের দলের সাপ টেবিলে ৩৬ মিনিট ফণা তুলে অবস্থান করে ১ম পুরস্কার জিতে নেয়। ২য় পুরস্কার পায় শৈলকুপার শহিদুলের দল। তার সাপ ফণা তুলে ছিলো ২৩ মিনিট।

খেলা শেষে উভয় দলের হাতে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি ইউপি চেয়ারম্যান মাসুদ পারভেজ ও আগামী ইউপি নির্বাচনে চেয়ারম্যান পদে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ইউনিয়ন আওয়ামী লীগের সংগঠনিক সম্পাদক আশাবুল হক সম্রাট।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল হক লাল্টু। সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন আওয়ামী লীগ নেতা শাহানুর। খেলা পরিচালনা করেন মাহাবুল হোসেন, আমজাদ আলী, ফকিরচাঁদ, বাবুর আলী ও জব্বার আলী।